

যুগান্তর

প্রিন্ট: ১৭ জুলাই ২০২৫, ১০:১৩ এএম

পরীক্ষা

গোপালগঞ্জ জেলায় বৃহস্পতিবারের এইচএসসি পরীক্ষা স্থগিত



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ১৬ জুলাই ২০২৫, ১০:০৯ পিএম

TAKYON E-Bike
CASH BACK
Offer

দৈনিক শিক্ষা ডট কম
মিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা
অ ক খ
আ ক খ
বাংলাদেশ

mastercard.
Unparalleled security
for the world's elite
First in the world from Eastern Bank
Biometric Metal World Elite Credit Card from Mastercard

ফাইল ছবি

গোপালগঞ্জ জেলায় কারফিউ জারি করায় আগামীকাল (বৃহস্পতিবার) সকালে অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষা ওই জেলার জন্য স্থগিত করা হয়েছে। তবে দেশের অন্যান্য জায়গায় পূর্বনির্ধারিত সময়সূচি অনুযায়ী বৃহস্পতিবারের পরীক্ষা যথারীতি অনুষ্ঠিত হবে।

বুধবার ঢাকা শিক্ষাবোর্ডের দেওয়া সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বৃহস্পতিবার সকালে এইচএসসিতে ভূগোল (তত্ত্বীয়) দ্বিতীয়পত্রের পরীক্ষা আছে। সময়সূচি অনুযায়ী, বৃহস্পতিবার বিকালেও একাধিক বিষয়ের পরীক্ষা থাকলেও গোপালগঞ্জ জেলায় সেসব বিষয়ের পরীক্ষা নেই।

সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, গোপালগঞ্জ জেলায় স্থগিত ভূগোল (তত্ত্বীয়) দ্বিতীয় পত্রের পরীক্ষার পরিবর্তিত সময়সূচি পরে বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।

গোপালগঞ্জে জাতীয় নাগরিক কমিটির (এনসিপি) সমাবেশ ঘিরে হামলা, সংঘর্ষ ও প্রাণহানির ঘটনায় জেলাটিতে বুধবার রাত ৮টা থেকে বৃহস্পতিবার সন্ধ্যা ছয়টা পর্যন্ত কারফিউ জারি করা হয়েছে।

